মনিটারী পলিসি ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

এমপিডি সার্কুলার নং-০২

তারিখ ০৪/৫/২০১০ ইং
২১/০১/১৪১৭ বাং

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ।

প্রিয় মহোদয়,

**১৯৯১ সনের ব্যাংক কোম্পানী আইন এর ৩৩নং ধারা মোতাবেক সহজে বিনিময়যোগ্য সম্পদ সংরক্ষণ**

উপরোক্ত বিষয়ে আমাদের ২৫ আগষ্ট, ২০০৫ তারিখে ১১নং বিআরপিডি সার্কুলার দ্রষ্টব্য।

০২। এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, ২০১০ সনের ১৫ মে হতে ব্যাংক কোম্পানীসমূহ কর্তৃক বাংলাদেশ ব্যাংকে নগদ জমাসহ বাংলাদেশে সহজে বিনিময়যোগ্য সম্পদ রক্ষণের পরিমান বাংলাদেশে তাদের মোট মেয়াদী ও তলবী দায় এর ১৮.৫ (সাড়ে আঠারো) শতাংশের কম হবে না। এতদসংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের ০৪ মে, ২০১০ তারিখের এমপিডি-১১৬/২০১০-৪৯৯ নম্বর বিজ্ঞপ্তি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য এতদসংগে সংযোজিত হল।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/

সংযোজনীঃ বর্ণনানুযায়ী।

(বেগম সুলতানা রাজিয়া)
মহাব্যবস্থাপক
ফোন - ৯৫৬৪১১৯

মনিটারী পলিসি ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

নং এমপিডি-১১৬/২০১০-৪৯৯

০৪ মে, ২০১০ইং
তারিখঃ --------------------
২১ বৈশাখ, ১৪১৭ বাং

**বিজ্ঞপ্তি**

১৯৯১ সনের ব্যাংক কোম্পানী আইন (১৯৯১ সনের ১৪ নং আইন) এর ৩৩ ধারার ১ উপ-ধারায় অর্পিত ক্ষমতাবলে বাংলাদেশ ব্যাংক এতদ্বারা নির্দেশ প্রদান করছে যে, ব্যাংক কোম্পানীসমূহ কর্তৃক বাংলাদেশ ব্যাংকে নগদ জমাসহ বাংলাদেশে সহজে বিনিময়যোগ্য সম্পদ রক্ষণের পরিমান বাংলাদেশে তাদের মোট মেয়াদী ও তলবী দায় এর ১৮.৫ (সাড়ে আঠার) শতাংশের কম হবে না।

০২। এই আদেশ ১৫ মে, ২০১০ তারিখ হইতে কার্যকর হবে।

**স্বাঃ/-**

(জিয়াউল হাসান সিদ্দিকী)
ডেপুটি গভর্নর